গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ গোলাম আজম<br>উপসচিব, প্রশাসন অধিশাখা |
| তারিখ | : | ০৭.০৫.২০২৪ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবিহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদের বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে এ সভা আহবান করা হয়েছে। এ পর্যায়ে তিনি সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাধীন কার্যক্রমসমূহের কর্মসম্পাদন সূচক স্পষ্টীকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে সূচকের মান নির্ণয়ের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সভা আয়োজন, সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ, কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন এবং স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন সম্পর্কে অধিদপ্তর/ দপ্তর/সংস্থার ফোকাল কর্মকর্তাগণকে অবহিত করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সর্বসম্মতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

সিদ্ধান্ত: <u>অধিদপ্তর/দপ্তর/সংস্থা:-</u>

(১) ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।

(২) ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে এবং এর প্রমাণক প্রেরণ/দাখিল করতে হবে।

(৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নকরত প্রমাণক প্রেরণ করতে হবে।

(৪) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন/দাখিল করতে হবে।

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম (<u>URL:nis.cabinet.gov.bd</u>) শীর্ষক অনলাইন সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। সে লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তা অথবা পরিবীক্ষণ কর্মকর্তা এবং আইটি কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং উক্ত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শেষে নিজ দপ্তর/সংস্থাসমূহের অগ্রগতি তথ্য হার্ড কপিতে প্রেরণ না করে অনলাইনে প্রেরণ করবেন।

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ গোলাম আজম)
উপসচিব, প্রশাসন অধিশাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং: ১৫.০০.০০০০.০১৪.১৮.০১৩.২৩. ৭৮৫

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১
০৭ মে ২০২৪

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ গোলাম আজম)
উপসচিব

D:\ADMIN-1\Cabinet\Citizen Charter\Citizens Minutes.doc47